| কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>মহাপরিচালকের দপ্তর | | | |
|---|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | | সহকারী পরিচালক | |
| পরিচালক (ভোকেশনাল) | | | |
| পরিচালক (পলিটেকনিক/মনোটেকনিক) | | শিক্ষা নিয়ে গড়ব দেশ | |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | ✓ | শেখ হাসিনার বাংলাদেশ | |
| পরিচালক (পিআইইউ) | | পিএস টু মহাপরিচালক | |
| প্রকল্প পরিচালক | | | |
| | | উপ-পরিচালক | |
| ডকেট নং. ১০২৫ | | তারিখঃ 24/11/22 | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-২
বাংলাদেশসচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

নম্বর-৫৭.০০.০০০০.০৫২.২২.০০১.২১-১৮২

তারিখঃ ০৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
২২ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের সংশোধিত খসড়া "গবেষণা নীতিমালা ২০২১" অনুমোদন।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের নং-৩৭.০৩.০০০০.০৪১.৯৯.০০২.২১-০৪, তারিখঃ ২০.১০.২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তর এর খসড়া "গবেষণা নীতিমালা ২০২১" টি অনুমোদিত হওয়ায় "গবেষণা নীতিমালা ২০২১" এর আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

22/11/22

(মোছাঃ ফুয়ারা খাতুন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৯৫৪৫৪৪১ (অফিস)
ই-মেইল: dstech2@tmed.gov.bd

মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১) অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২) উপসচিব, বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

# গবেষণা নীতিমালা-২০২১

কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd
নভেম্বর-২০২১

# গবেষণা নীতিমালা-২০২১

# সূচিপত্র


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায় | ভূমিকা | ০২-০৩ |
| দ্বিতীয় অধ্যায় | লক্ষ্য ও উদ্দেশ্য | ০৪-০৫ |
| তৃতীয় অধ্যায় | গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৬-১১ |
| চতুর্থ অধ্যায় | গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা | ১২-১৫ |
| পঞ্চম অধ্যায় | গবেষণা নীতিমালা প্রয়োগ, পরিবর্তন এবং অন্যান্য শর্তাবলি | ১৬-১৭ |
| ষষ্ঠ অধ্যায় | পরিশিষ্ট (০১-১৩) | ১৮-৩৬ |


22/11/22
মোছাঃ ফুয়ারা খাতুন
সিনিয়র সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

মোঃ আক্তারউজ্জামান
ও উন্নয়ন)

# প্রথম অধ্যায়

## ভূমিকা

কারিগরি শিক্ষা অধিদপ্তরের অন্যতম প্রধান উদ্দেশ্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ যুগোপযোগীকরণ, মানবসম্পদ উন্নয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন এবং জীবনযাত্রার মানোন্নয়ন। মান সম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নীতি ও কর্মসূচি প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন, আর্দশমান নির্ধারণ এবং পরিবীক্ষণ ও মূল্যায়নের সহায়তা প্রদানের জন্য রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল নিম্নোক্ত প্রধান কার্যক্রমসমূহ সম্পাদন করে:

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ অধিক্ষেত্রে গবেষণার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ, গবেষণামূলক কার্যক্রম সম্পাদন ও কর্ম সহায়ক গবেষণা পরিচালনা;
- মাঠ পর্যায়ে শিক্ষক/কর্মকর্তাদের গবেষণা কার্যক্রমে সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
- সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) সহ ট্রেসার স্টাডির (Tracer Study) উদ্যোগ গ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
- গবেষণা এবং স্টাডিসমূহ প্রচার ও প্রকাশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট পরিকল্পনা ও নীতিমালা প্রণয়নে সহযোগিতা প্রদান।

### ১.০ নামকরণ ও প্রারম্ভিকতা

১.১ এ গবেষণা নীতিমালাটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ‘‘গবেষণা নীতিমালা-২০২১” নামে অভিহিত হবে।

**১.২ সংজ্ঞা**

এ নীতিমালার জন্য নিচের সংজ্ঞা/ব্যাখ্যা প্রযোজ্য হবে-

১.২.১ ‘অনুষদ সদস্য’বলতে কারিগরি শিক্ষা অধিদপ্তরে শিক্ষক/কর্মকর্তাদের বোঝাবে;

১.২.২ ‘সেল’ বলতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেলকে বোঝাবে;

১.২.৩ ‘গবেষণা কমিটি’ বলতে গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত উপদেষ্টা কমিটি, কার্যকরী কমিটি ও মূল্যায়ন কমিটিকে বোঝাবে;

১.২.৪ ‘টিভিইটি (TVET)’ বলতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (Technical and Vocational Eduction and Training) কে বোঝাবে;

১.২.৫ ‘অধিদপ্তর ’বলতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কে বোঝাবে;

১.২.৬ ‘আরপিএল (RPL)’ বলতে পূর্ব দক্ষতার স্বীকৃতির সনদায়ন (Recognition of Prior Learning) কে বোঝাবে;

১.২.৭ ‘এনটিভিকিউএফ (NTVQF)’ বলতে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (National Technical and Vocational Qualifications Framework) কে বোঝাবে;

১.২.৮ ‘বিএনকিউএফ (BNQF)’ বলতে বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (Bangladesh National Qualification Framework) কে বোঝাবে।

১.২.৯ 'পরামর্শক' বলতে মূল্যায়ন/যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, মহাপরিচালকের অনুমোদনক্রমে নির্বাচিত ব্যক্তি।

## দ্বিতীয় অধ্যায়

## লক্ষ্য ও উদ্দেশ্য

২.০ **কারিগরি শিক্ষা অধিদপ্তরের "গবেষণা নীতিমালা-২০২১"এর লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:**

২.১ **লক্ষ্য**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির সুযোগ তৈরি এবং অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তাদের জন্য গবেষণায় দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা।

২.২ **উদ্দেশ্যসমূহ**

২.২.১ কারিগরি শিক্ষা ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে দক্ষ গবেষক তৈরি করা;

২.২.২ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অনুষদ সদস্যগণের পেশাদারিত্ব উন্নয়নের মাধ্যমে তাঁদের মধ্যে গবেষণা সংস্কৃতি চালু করে জ্ঞান ও উদ্ভাবন ক্ষমতার বিকাশ;

২.২.৩ কারিগরি শিক্ষার ক্ষেত্রে লাগসই প্রযুক্তির উন্নয়ন, টেকনোলজি/ট্রেড ভিত্তিক তথ্য গ্যাপ চিহ্নিতকরণ এবং চাহিদা যাচাই সমীক্ষা সম্পর্কিত ক্ষেত্রভিত্তিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

২.২.৪ কারিগরি শিক্ষার ক্ষেত্রে কার্যকরী শিক্ষণ-শিখন কার্যক্রমের উন্নয়ন সাধনে গবেষণা করা;

২.২.৫ শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত চলমান কার্যক্রমে গবেষণালব্ধ জ্ঞানের প্রয়োগ, উদ্ভাবন ক্ষমতার বিকাশ সাধন ও পেশাদারিত্বের উন্নয়ন;

২.২.৬ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নে গৃহীতব্য প্রকল্পসমূহের কার্যকারিতা ও সম্ভাব্যতা যাচাইকরণ;

২.২.৭ গবেষণা লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতার আলোকে শিক্ষাক্রমের উন্নয়ন, পরিমার্জন ও পরিবর্ধনসহ প্রতিষ্ঠানের ল্যাব/ওয়ার্কশপের উন্নয়ন সাধন এবং জনসেবায় ব্যবহার ও প্রচার;

২.২.৮ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা ও দক্ষতা সংশ্লিষ্ট গবেষণাধর্মী প্রতিষ্ঠানের সাথে গবেষণালব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় এবং গবেষণা পরিচালনায় দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন;

২.২.৯ গবেষণা নির্ভর জ্ঞান অর্জনের মাধ্যমে দেশের শিক্ষা বিষয়ক নীতি নির্ধারণে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে সহায়তা প্রদান।

২.৩ **গবেষণার পরিধি**

২.৩.১ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মানোন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিদ্যমান বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উপায় উদ্ভাবনে Action Research, Experimental Research, Lab Research ও Social Science Research এর মাধ্যমে গবেষণা কার্যক্রম পরিচালনা;

২.৩.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহারের মাধ্যমে কার্যকরী শিক্ষণ-শিখন কার্যক্রমের উন্নতি সাধনে সুপারিশ, শিক্ষক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, নতুন টেকনোলজি সুপারিশ, প্রতিষ্ঠানের ল্যাব/ওয়ার্কশপের উন্নয়ন সাধন, প্রশিক্ষণ কার্যক্রম ও প্রতিষ্ঠান মনিটরিং এর প্রভাব নিরূপণ, দক্ষতার চাহিদা, কর্মসংস্থানের চাহিদা, ট্রেসার স্টাডি, প্রশিক্ষণ উপকরণ তৈরি ও প্রশিক্ষণ কারিকুলাম, পাঠ্যসূচি এবং পদ্ধতির উন্নয়ন;

২.৩.৩ কারিগরি শিক্ষা অধিদপ্তরের তহবিলের উৎস নির্বিশেষে প্রাপ্ত (রাজস্ব বা উন্নয়ন বাজেট, প্রকল্প, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক প্রক্রিয়ায় প্রাপ্ত বা অন্য যে কোন উৎস থেকে প্রাপ্ত) অর্থের মাধ্যমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মানোন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রমের উন্নয়ন, শিক্ষা ব্যবস্থাপনার পদ্ধতিগত ও গুণগত শিক্ষার লক্ষ্য অর্জনে সহায়তা করা, শিক্ষা প্রশাসন ব্যবস্থার সার্বিক উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনা এবং আধুনিকায়নের প্রয়োজনীয় পদক্ষেপ চিহ্নিতকরণ;

২.৩.৪ শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প কারখানার মধ্যে লিংকেজ জোরদারকরণ, শিল্প কারখানা বাস্তব প্রশিক্ষণ, জব প্লেসমেন্ট সেলের কার্যক্রম বৃদ্ধি, পূর্ব দক্ষতার স্বীকৃতির সনদায়ন (আরপিএল), এনটিভিকিউএফ/বিএনকিউএফ বাস্তবায়ন, পারস্পারিক স্বীকৃতি চুক্তি, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের কল্যাণ, কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধি, প্রান্তিক জনগোষ্ঠীকে কারিগরিতে অন্তর্ভূক্তিকরণ;

২.৩.৫ জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার অনুরোধে/অর্থায়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সংশ্লিষ্ট গবেষণা পরিচালনা;

২.৩.৬ কারিগরি শিক্ষার প্রচার, প্রসার ও উন্নয়নে সোস্যাল মার্কেটিং বিষয় সংক্রান্ত কার্যক্রম;

২.৩.৭ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের উন্নয়ন সংক্রান্ত যাবতীয় বিষয়।

৫

# তৃতীয় অধ্যায়

## গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনা

**৩.০ গবেষণা কমিটির কাঠামো**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গবেষণা কমিটি থাকবে। তবে অধিদপ্তরের রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল মূলত সকল কর্মকান্ড সমন্বয় ও তদারকি করবে। গবেষণা কমিটির তিনটি (০৩) অংশ থাকবে। যথা: উপদেষ্টা কমিটি, কার্যকরী কমিটি ও গবেষণা প্রস্তাব মূল্যায়ন কমিটি।

**৩.১ উপদেষ্টা কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা | মুখ্য উপদেষ্টা |
| ২. | অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা | উপদেষ্টা |
| ৩. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা | উপদেষ্টা |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদ (বিআইডিএস), শেরে-ই-বাংলানগর, ঢাকা | উপদেষ্টা |

**৩.১.১ উপদেষ্টা কমিটির কার্যপরিধি:**

৩.১.১.১ গবেষণা কার্যক্রমে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

৩.১.১.২ গবেষণা ক্ষেত্র চিহ্নিতকরণে গঠিত কার্যকরী কমিটিকে সার্বিক পরামর্শ প্রদান।

**৩.২ কার্যকরী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা | সভাপতি |
| ২. | চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ৩. | যুগ্ম সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ৪. | পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ৫. | শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি (সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৬. | বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদ (বিআইডিএস) এর একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়), শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ | সদস্য |
| ৭. | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ -এর একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়), ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ | সদস্য |
| ৮. | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় -এর একজন উপযুক্ত প্রতিনিধি (সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৯. | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা | সদস্য সচিব |

**৩.২.১ কার্যকরী কমিটির কার্যপরিধি**

৩.২.১.১ মূল্যায়ন কমিটির মাধ্যমে সুপারিশকৃত গবেষণা প্রস্তাবনাসমূহ পর্যালোচনা অন্তে বাজেট নির্ধারণপূর্বক অর্থায়নের জন্য চূড়ান্ত অনুমোদন;

৩.২.১.২ গবেষণা প্রস্তাব অনুমোদন, অগ্রগতি যাচাই সাপেক্ষে প্রতিবেদন দাখিল করার সম্মতি প্রদান, চূড়ান্ত প্রতিবেদন অনুমোদন ইত্যাদি;

৩.২.১.৩ গবেষণা কার্যক্রম সম্পাদনে সার্বিক দিক নির্দেশনা প্রদানের জন্য প্রতি অর্থবছরে কমপক্ষে ০২ (দুই) টি এবং প্রয়োজনে বিশেষ সভা অনুষ্ঠান;

৩.২.১.৪ গবেষণা মূল্যায়ন কমিটির সুপারিশকৃত চূড়ান্ত খসড়া গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়নকারী বিশেষজ্ঞ প্যানেল অনুমোদন;

৩.২.১.৫ গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য প্রতি ০৩ (তিন) বছর পর পর মূল্যায়ন কমিটি পুনঃগঠনের সুপারিশ প্রদান;

৩.২.১.৬ প্রয়োজনের নিরিখে গবেষণা নীতিমালা পরিমার্জন বা সংশোধনের সুপারিশ প্রদান।

## ৩.৩ মূল্যায়ন/যাচাই-বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা | সভাপতি |
| ২. | শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়- এর একজন উপযুক্ত প্রতিনিধি (সহকারী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৩. | বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদ (বিআইডিএস)- এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৪. | জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয়), | সদস্য |
| ৫. | উপসচিব/ সিনিয়র সহকারি সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ৬. | উপপরিচালক (গবেষণা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৭. | পরিসংখ্যান গবেষণা ও শিক্ষা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়- এর একজন উপযুক্ত প্রতিনিধি (সহকারী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৮. | বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) -এর এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৯. | উপপরিচালক, রিসার্চ এন্ড নলেজ ম্যানেজমেন্ট সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

### ৩.৩.১ মূল্যায়ন কমিটির কার্যপরিধি

৩.৩.১.১ মূল্যায়ন কমিটি সেল কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ গবেষণা নীতিমালার উদ্দেশ্য ও অগ্রাধিকারের ভিত্তিতে নির্ধারিত কাঠামোর আওতায় যাচাই-বাছাই পূর্বক মূল্যায়ন করে প্রাথমিকভাবে নির্বাচন করা;

৩.৩.১.২ প্রাথমিকভাবে নির্বাচিত গবেষণা প্রস্তাবসমূহ সংশোধন, পরিমার্জন ও উন্নয়নের লক্ষ্যে অনাধিক ৩ (তিন) টি কর্মশালার আয়োজন করবে। উক্ত কর্মশালার মতামতের ভিত্তিতে সংশোধিত প্রস্তাবনাসমূহ অনুমোদনের নিমিত্ত কার্যকরী কমিটির নিকট সুপারিশ প্রদান;

৩.৩.১.৩ বাজেট সংস্থান, কাজের গুরুত্ব ও বাস্তব চাহিদার নিরিখে মূল্যায়ন কমিটি গবেষণার প্রাথমিক বাজেট অনুমোদনের জন্য কার্যকরী কমিটির নিকট সুপারিশ প্রেরণ;

৩.৩.১.৪ নির্বাচিত গবেষণা প্রস্তাবসমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক তিনটি ধাপে মূল্যায়িত হবে;

৩.৩.১.৫ গবেষণা কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের লক্ষ্যে মধ্যবর্তী মূল্যায়ন অন্তে অগ্রিম বাজেট প্রদানের জন্য সুপারিশ প্রেরণ;

৩.৩.১.৬ চূড়ান্ত খসড়া গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়নকারী বিশেষজ্ঞ প্যানেল গঠনের লক্ষ্যে কার্যকরী কমিটি বরাবর সুপারিশ প্রেরণ;

৩.৩.১.৭ মূল্যায়নকারী বিশেষজ্ঞ কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন এবং গবেষক কর্তৃক উপস্থাপিত গবেষণার উপস্থাপনার ভিত্তিতে গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের অনুমোদনের জন্য সুপারিশ প্রদান;

৩.৩.১.৮ মূল্যায়ন কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

## ৩.৪ গবেষণা প্রস্তাব পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়া

৩.৪.১ সেল প্রতি বছর জানুয়ারি মাসে পরবর্তী অর্থ বছরের জন্য গবেষণা প্রস্তাবনা বাংলা/ইংরেজি ভাষায় আহ্বান করবে;

৩.৪.২ কমপক্ষে ০২ (দুই) টি জাতীয় পত্রিকায় (০১ টি বাংলা এবং ০১ টি ইংরেজি) বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে গবেষণা প্রস্তাবনা আহ্বান করতে হবে;

৩.৪.৩ গবেষণা প্রস্তাব যথাযথ কাঠামো অনুযায়ী প্রণয়ন করা হয়েছে কি না সেইগুলি নিয়ে রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল প্রতি বছরের মার্চ মাসে প্রাথমিক যাচাই-বাছাইপূর্বক মূল্যায়নের জন্য গবেষণা প্রস্তাব মূল্যায়ন কমিটির কাছে উপস্থাপন করবে;

৩.৪.৪ গবেষণা প্রস্তাবসমূহ মূল্যায়নের জন্য গবেষণা প্রস্তাব দাখিলকারি কর্মকর্তা/শিক্ষক/গবেষকগণ মূল্যায়ন কমিটির নিকট উপস্থাপন করবে;

৩.৪.৫ প্রতিটি গবেষণা প্রস্তাব ২০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে, (গবেষণা প্রস্তাবের অংশ ১৫০ নম্বর এবং জীবন বৃত্তান্ত অংশ ৫০ নম্বর)। মূল্যায়নকারী সদস্যগণ গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন ছক পরিশিষ্ট-১ ফরম-'ক' অনুসরণ করে মূল্যায়ন করবে;

৩.৪.৬ কর্মশালার মাধ্যমে প্রাথমিকভাবে বাছাইকৃত নির্বাচিত গবেষণা প্রস্তাবসমূহ সংশোধন, পরিমার্জন ও উন্নয়নের লক্ষ্যে সেল প্রয়োজন অনুযায়ী প্রতিষ্ঠিত গবেষকদের সমন্বয়ে বিষয়ভিত্তিক (প্রযোজ্য ক্ষেত্রে) দল গঠন করে কর্মশালার আয়োজন করবে। এ কর্মশালায় নির্বাচিত গবেষণা প্রস্তাবনার সাথে সংশ্লিষ্ট সকল সদস্য অংশগ্রহণ করবে;

৩.৪.৭ কর্মশালার মাধ্যমে গবেষণা প্রস্তাবনার ত্রুটি- বিচ্যুতি দূর করে গবেষণা প্রস্তাবনা সংশোধন করা হবে;

৩.৪.৮ কর্মশালার মাধ্যমে সংশোধিত গবেষণা প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য গবেষণা কমিটিতে (কার্যকরী কমিটি) উপস্থাপন করা হবে এবং গবেষণা খাতে উক্ত অর্থবছরে বরাদ্দকৃত টাকায় যে কয়টি গবেষণা কার্যক্রম পরিচালনা করা সম্ভব তার গুণগত দিক যাচাই করে কার্যকরী কমিটি কর্তৃক বাজেট নির্ধারণ পূর্বক অনুমোদন করা হবে;

৩.৪.৯ গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের ফলাফল নির্বাচিত গবেষক/গবেষকগণকে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে/সরাসরি পত্রযোগে অবহিত করা হবে;

৩.৪.১০ কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত প্রতিটি গবেষণা প্রস্তাবনার কার্যক্রম শুরু করার জন্য আদেশ জারি করা হবে।



২৫

### ৩.৫ গবেষণা প্রস্তাবনার কাঠামো

গবেষণা প্রস্তাবনার রূপরেখা বা কাঠামো নিম্নরূপ হতে পারে:

(১) গবেষণা বিষয়ের শিরোনাম (Title of the Research)

(২) ভূমিকা (Introduction)

(৩) সমস্যার বিবৃতি (Statement of the Problem)

(৪) গবেষণার উদ্দেশ্য (Objective(s) of the Study)

(৫) অনুমিত সিদ্ধান্ত / গবেষণা প্রশ্ন (Formulation of Hypothesis / Research Questions)

(৬) ধারণাগত কাঠামো (Conceptual Framework)

(৭) গবেষণা বিষয়ের গুরুত্ব ও যৌক্তিকতা (Importance and Rationale of the Study)

(৮) প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণা কর্মের পর্যালোচনা (Review of Literature)

(৯) গবেষণা পদ্ধতি (Methodology)

(১০) নমুনায়ন (Sampling)

(১১) উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)

(১২) উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of Data Analysis and Presentation Techniques)

(১৩) কর্ম পরিকল্পনা ও সময়সীমা (Work Plan and Time)

(১৪) প্রত্যাশিত ফলাফল (Expected Results)

(১৫) বাজেট (Budget)

(১৬) গ্রন্থপঞ্জি (Bibliography / References)

(১৭) গবেষণা দলের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (Qualification and Experience of ResearchTeam)

### ৩.৬ গবেষণা দল গঠন ও যোগ্যতা

#### ৩.৬.১ গবেষণা দলের গঠন

| | |
|---|---|
| পরামর্শক (প্রযোজ্য ক্ষেত্রে) | ০১ জন |
| দলনেতা | ০১ জন |
| সদস্য | ০২/০৩ জন |

#### ৩.৬.২ পরামর্শকের যোগ্যতা

(১) পরামর্শক এর যোগ্যতা কমপক্ষে স্নাতকোত্তর এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) টি গবেষণাপত্র প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশ থাকতে হবে;

(২) কারিগরি শিক্ষা অধিদপ্তরের গবেষণা কমিটির (উপদেষ্টা, কার্যকরী ও মূল্যায়ন কমিটি) কোন সদস্য গবেষণা কর্মের পরামর্শক হবেন না;

(৩) একজন পরামর্শক এক অর্থবছরে সর্বোচ্চ একটি গবেষণা কর্মের পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করতে পারবে।

**৩.৬.৩ গবেষক/দলনেতা ও সদস্যগণের যোগ্যতা**

(১) গবেষক/ দলনেতা কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হবেন। প্রতিষ্ঠিত জার্নালে তাঁর কমপক্ষে ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে;

(২) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে আগ্রহী রাজস্বখাতে কর্মরত শিক্ষক/কর্মকর্তাগণ গবেষণা দলের সদস্য হতে পারবে;

(৩) একজন গবেষক এক অর্থবছরে সর্বোচ্চ একটি গবেষণা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকতে পারবে;

(৪) অনুমোদিত গবেষণা দলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তা সেলের মাধ্যমে কার্যকরী কমিটির অনুমোদনক্রমে করতে হবে;

(৫) গবেষণা কর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণা কার্যক্রমের বাজেটখাত হতে ভ্রমণ ব্যয় নির্বাহ করা যাবে।

**৩.৭ গবেষণা কার্যক্রমের মেয়াদ**

গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে ০১ (এক) অর্থবছরের মধ্যে সীমিত থাকবে তবে অনিবার্য কারণে কোনো গবেষণা কার্যক্রম সম্পন্ন করতে বিলম্ব হলে সেলের সুপারিশক্রমে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এই সময়সীমা বৃদ্ধি করতে পারবে।

**৩.৮ গবেষণা কার্যক্রম আরম্ভ**

গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের পর পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবের অনুকূলে দাপ্তরিক আদেশ জারি করবেন। আদেশ জারির তারিখ থেকে গবেষণা কার্যক্রম আরম্ভ করার সময় গণনা করা হবে।

**৩.৯ গবেষণা এলাকা**

গবেষণা কার্যক্রম আরম্ভ হওয়ার পর সংশ্লিষ্ট দলনেতা/গবেষক গবেষণা কার্যক্রম এলাকা/অবস্থান সম্পর্কে সংশ্লিষ্ট সেলকে অবহিত করবে।

**৩.১০ গবেষণা কার্যক্রম মনিটরিং ও ফলাফল মূল্যায়ন পদ্ধতি**

গবেষণা কার্যক্রম মনিটরিং ও ফলাফল মূল্যায়ন ০৪ (চার) টি ধাপে সম্পাদিত হবে।

**৩.১০.১ ডেস্ক মনিটরিং**

সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রমের প্রধান গবেষক/ দলনেতা ০৩ (তিন) মাস অন্তর গবেষণার অগ্রগতি (কারিগরি ও আর্থিক) নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-২ ফরম 'খ' দ্রষ্টব্য) সংশ্লিষ্ট সেলে প্রেরণ করবেন। সেল গবেষণার অগ্রগতি মূল্যায়ন পূর্বক প্রতিবেদন প্রস্তুত করে মহাপরিচালক বরাবর পেশ করবে।

### ৩.১০.২ ফিল্ড মনিটরিং

সেল কর্তৃক গঠিত মনিটরিং টিম গবেষণা চলাকালীন সময়ে প্রতিটি গবেষণা বছরে অন্তত ০২ (দুই) বার গবেষণা ক্ষেত্র/ল্যাব পরিদর্শণ পূর্বক প্রতিবেদন মহাপরিচালক বরাবর পেশ করবে।

### ৩.১০.৩ পর্যালোচনা কর্মশালা

প্রতিটি গবেষণা কার্যক্রমের অগ্রগতি দলনেতা প্রতি তিনমাস অন্তর নির্ধারিত ছকে (পরিশিষ্ট-২ ফরম 'খ' দ্রষ্টব্য) গবেষণা সেলের নিকট প্রেরণ করবে। গবেষণা মূল্যায়ন কমিটি চলমান গবেষণা কার্যক্রমসমূহের অগ্রগতি পর্যালোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে।

### ৩.১০.৪ গবেষণার চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন

(১) এই নীতিমালার পরিশিষ্ট-৪ ফরম 'ঘ' এর আলোকে মূল্যায়ন কমিটি গবেষণা কার্যক্রমের চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন করবেন এবং মূল্যায়ন সম্পর্কে লিখিত মতামত প্রদান করবে;

(২) মূল্যায়নকারী সদস্যগণকে গবেষণা প্রতিবেদন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ দুই সপ্তাহের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন জমা দিতে হবে।

## ৩.১১ গবেষণা ফলাফল উপস্থাপন

৩.১১.১ সকল প্রকৃতির গবেষণা/জরিপ/সমীক্ষা/সম্ভাব্যতা যাচাই সেমিনার/কর্মশালার আয়োজন করে উপস্থাপনের উদ্যোগ নিতে হবে;

৩.১১.২ প্রতিটি গবেষকদল গবেষণা কার্যক্রমের খসড়া চূড়ান্ত প্রতিবেদন ০৩ (তিন) কপি সেলের নিকট জমা দিবেন এবং Power Point এর মাধ্যমে সেমিনারে উপস্থাপন করবে;

৩.১১.৩ চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন বিষয়ক সেমিনার/কর্মশালায় গবেষণা দলের সকল সদস্যগণের অংশগ্রহণ বাধ্যতামূলক;

৩.১১.৪ সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারীদের যৌক্তিক মতামত চূড়ান্ত প্রতিবেদনে সংযোজন করতে হবে;

৩.১১.৫ সেমিনার/কর্মশালায় গৃহিত মতামত সংযোজনের পর চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের ১০ (দশ) কপি রঙ্গিন সেট এবং সিডি (CD) আকারে সফট কপি ওয়ার্ড ফরম্যাটে ও পিডিএফ ফরম্যাটে গবেষণা সেলে দাখিল করবে;

৩.১১.৬ গবেষণা সম্পাদন করার জন্য গবেষকদের সনদ প্রদান করা হবে।

## ৩.১২ গবেষণা ও উন্নয়ন তথ্য ভান্ডার

৩.১২.১ রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তরের গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে;

৩.১২.২ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃপক্ষ সেলের মাধ্যমে গবেষণা কার্যক্রমের প্রাপ্ত তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিজস্ব জার্নালে প্রকাশের ব্যবস্থা করবে। জার্নাল প্রকাশের ব্যয় গবেষণা বাজেট খাত থেকে সমন্বয় করা যেতে পারে;

৩.১২.৩ কারিগরি শিক্ষা অধিদপ্তরের জার্নালে প্রকাশের জন্য প্রতিটি প্রবন্ধ বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ দ্বারা সম্পাদনা করে জার্নালে প্রকাশের উপযোগী (Peer Review) করে তোলার জন্য প্রয়োজনীয় মূল্যায়নকারী এবং সম্পাদনা কমিটির সদস্যদের সম্মানী গবেষণা বাজেট খাত থেকে সমন্বয় করা হবে।



২৫

## চতুর্থ অধ্যায়

## গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

### ৪.১ তহবিলের উৎস

নিম্ন লিখিত উৎসসমূহ থেকে গবেষণা তহবিল গঠিত হবে:

৪.১.১ কারিগরি শিক্ষা অধিদপ্তরের রাজস্ব বাজেটে 'গবেষণা' খাতে বরাদ্দকৃত অর্থ;

৪.১.২ সরকারের উন্নয়ন খাত, দেশী-বিদেশী সংস্থা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

### ৪.২ গবেষণা সংক্রান্ত ব্যয় নির্দেশনা

৪.২.১ মোট গবেষণা বাজেটের শতকরা ৮০ ভাগ বরাদ্দকৃত অর্থ গবেষণা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন খাতে এবং অবশিষ্ট ২০ ভাগ অর্থ গবেষণা সহায়ক কর্মকান্ডে (যেমন: কর্মশালা, কনফারেন্স, সেমিনার, সভা, সিম্পোজিয়াম, জার্নাল সম্পাদনা, আপ্যায়ন ও বিবিধ খাতে) ব্যয় করা যাবে।

৪.২.২ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠান/সংস্থার সাথে দ্বিপাক্ষিক সহযোগিতা সৃষ্টির জন্য কর্মশালা, কনফারেন্স ও সেমিনার আয়োজন, মিটিং, সমঝোতা স্মারক, যোগাযোগ স্থাপন ও রক্ষা, আপ্যায়ন ও বাসস্থান এর ব্যবস্থা ইত্যাদির জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/প্রযোজ্য ক্ষেত্রে সরকার অনুমোদন সাপেক্ষে গবেষণা বাজেটখাত হতে অর্থ ব্যয় করা যাবে;

৪.২.৩ প্রতিটি সভার জন্য সদস্যবৃন্দসহ প্রশাসনিক সহযোগী হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত হারে সম্মানী পাবেন;

৪.২.৪ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত জার্নালটি Peer Reviewed Journal হিসেবে প্রকাশের জন্য প্রয়োজনীয় সম্পাদনা ব্যয়সহ গবেষণা সংক্রান্ত বিভিন্ন কমিটির সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ এবং সমাপ্ত গবেষণা প্রকল্পের চূড়ান্ত মূল্যায়নের জন্য সম্মানী গবেষণা বাজেট খাত হতে নির্বাহ করা হবে;

৪.২.৫ গবেষণা সংক্রান্ত বিভিন্ন কমিটির প্রতি সভায় অংশগ্রহণের জন্য কমিটির সদস্যবৃন্দের সম্মানী হার হবে নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম | সম্মানীর হার |
|---|---|---|
| ১. | মুখ্য উপদেষ্টা | ৩,৫০০/- |
| ২. | উপদেষ্টা (জনপ্রতি) | ২,৫০০/- |
| ৩. | সভাপতি | ৩,০০০/- |
| ৪. | সদস্য (জনপ্রতি) | ২,৫০০/- |
| ৫. | সদস্য-সচিব | ২,৫০০/- |

### ৪.৩ গবেষণা কার্যক্রমের বাজেট

প্রতিটি গবেষণাকর্ম সম্পাদনের জন্য গবেষণা বাজেট ন্যূনতম ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) এবং সর্বোচ্চ ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা)।

**৪.৪ গবেষণা কার্যক্রমের ব্যয় বিভাজন**

৪.৪.১ গবেষণা কার্যক্রমের বাজেট (৮০%) ব্যয় বিভাজন নিম্নোক্ত উপায়ে হবে:

| ক্রমিক নং | খাত | ব্যয় বিভাজন (%) |
|---|---|---|
| ১. | পরামর্শক | ৬% |
| ২. | দলনেতা | ১৮% |
| ৩. | সদস্য (২ জন) | (১৩% + ১৩%) = ২৬% |
| ৪. | উপাত্ত সংগ্রহ, যাতায়াত,স্টেশনারী ক্রয় ও অন্যান্য খাত | ৫০% |
| | **মোট** | ১০০% |

৪.৪.২ উপাত্ত সংগ্রহকারীগণের যাতায়াত ও দৈনিক ভাতা, উপাত্ত সংগ্রহের উপকরণ ক্রয়, তথ্য বিশ্লেষণ খরচ, ফটোকপি, গবেষণা সংশ্লিষ্ট উপকরণ ক্রয়, অবকাঠামো উন্নয়ন, খসড়া গবেষণা প্রতিবেদন, সেমিনারে উপস্থাপন ব্যয়, চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও মুদ্রণ ব্যয়, প্রশ্নমালা, খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন পুনঃমুদ্রণ ব্যয়, প্রচ্ছদ ও বাঁধাই ব্যয়, স্টেশনারী ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় ও বিবিধ খাতে প্রয়োজনীয় অর্থ গবেষণা কার্যক্রমের জন্য বরাদ্দকৃত বাজেট থেকে ব্যয় হবে (৫০%) ।

**৪.৫ অনুমোদিত গবেষণা কার্যক্রম ব্যতিত অন্যান্য গবেষণা সহায়ক কাজের জন্য বরাদ্দ**

৪.৫.১ কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত গবেষণা কার্যক্রম ব্যতিত অন্যান্য গবেষণা সহায়ক কাজ, যা এ নীতিমালার দ্বিতীয় অধ্যায়ে বর্ণিত উদ্দেশ্যাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ যেমন- কর্মশালা, সিম্পোজিয়াম, কনফারেন্স, সেমিনার, সভা এবং গবেষণা সংশ্লিষ্ট যে কোন অনুষ্ঠান আয়োজনের জন্য অর্থ ব্যয় করা যাবে। এ ক্ষেত্রে মোট গবেষণা কার্যক্রম বাজেটের ৮০ ভাগ অর্থ মূল গবেষণা কার্যক্রম বাস্তবায়নে এবং অবশিষ্ট ২০ ভাগ অর্থ গবেষণা সহায়ক কার্যক্রমে ব্যয় করা যাবে। গবেষণা সহায়ক কার্যক্রমের বাজেট (২০%) ব্যয় বিভাজন নিম্নোক্ত উপায়ে হবে:

| ক্রমিক নং | খাত | ব্যয় বিভাজন (%) |
|---|---|---|
| ১. | সভা | ৩% |
| ২. | কর্মশালা | ৬% |
| ৩. | সেমিনার | ৬% |
| ৪. | প্রকাশনা | ৫% |
| | **মোট** | ২০% |

আন্তর্জাতিক গবেষণা সম্মেলন আয়োজন বা গবেষণা সহায়ক সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারীর সম্মানীর হার হবে নিম্নরূপ:

| ক্রমিক নং | কাজের বিবরণ | সম্মানীর হার |
|---|---|---|
| ১. | মূল প্রবন্ধ উপস্থাপকের সম্মানী (যদি থাকে) | ৩,৫০০.০০/- (তিন হাজার পাঁচশত টাকা) |
| ২. | আলোচকের সম্মানী (অনধিক ৩ জন) | ২,৫০০.০০/- (দুই হাজার পাঁচশত টাকা) (সেমিনার/ওয়ার্কশপ প্রতি) |
| ৩. | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীগণের সম্মানী | ১,০০০.০০/- (এক হাজার টাকা) (জন প্রতি) |
| ৪. | সেমিনার/ওয়ার্কশপ সঞ্চালকের সম্মানী | ৩,০০০.০০/- (তিন হাজার টাকা) (সেমিনার/ওয়ার্কশপ প্রতি) |
| ৫. | র‍্যাপোটিয়ারের সম্মানী (যদি থাকে) (অনধিক ২ জন) | ২,০০০.০০/- (দুই হাজার টাকা) (সেমিনার/ওয়ার্কশপ প্রতি) |
| ৬. | সেমিনার/ওয়ার্কশপ সহায়ক কর্মচারীর সম্মানী (অনধিক ৩ জন) | ১,৫০০.০০/- (এক হাজার পাঁচশত টাকা) (সেমিনার/ওয়ার্কশপ প্রতি) |

**সূত্র: স্মারক নং:** ০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩-১৮৮ তারিখ: ০৭ জুন ২০১৮ খ্রি: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ।

৪.৫.২ কারিগরি শিক্ষা অধিদপ্তর বহির্ভূত উৎসের অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে দাতা সংস্থার সাথে আলোচনা পূর্বক সম্মানীর হার ও অন্যান্য শর্তাবলী নির্ধারণ করা হবে;

৪.৫.৩ কোনো উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, ট্রেসার স্টাডি অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত কোনো স্টাডি/সমীক্ষা কার্যক্রম করার জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কাজের পরিধি অনুযায়ী বাজেট নির্ধারণ করতে পারবে।

## ৪.৬ গবেষণা কার্যক্রমের অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

৪.৬.১ প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ ০২ (দুই) কিস্তিতে ছাড় করা হবে। গবেষণা প্রস্তাব অনুমোদনের পর গবেষণা দলকে মোট প্রস্তাবিত গবেষণা ব্যয়ে ১ম কিস্তি (সর্বোচ্চ ৩০%) অর্থ ছাড় করা হবে। সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনকভাবে প্রতীয়মান হওয়া সাপেক্ষে ২য় কিস্তির ৭০% অর্থ ছাড় করা হবে। এক্ষেত্রে গবেষণা প্রতিবেদন সেমিনারে উপস্থাপন, সেমিনারের সুপারিশের ভিত্তিতে সংশোধন, জার্নালে প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) এর জন্য মূল প্রতিবেদনের সারাংশ দাখিল এবং মূল্যায়নকারীর সন্তোষজনক মতামত প্রাপ্তি সাপেক্ষে গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হলে দ্বিতীয় কিস্তির অর্থ ছাড় করতে হবে। তবে সকল ক্ষেত্রেই কার্যকরী কমিটির সভাপতির সিদ্ধান্তই চূড়ান্ত হবে;

৪.৬.২ গবেষকদল গবেষণা কার্যক্রমের সময়সূচি মোতাবেক গবেষণা কাজের সমুদয় হিসাব সেলে জমা দিবেন। সেল তা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে অধিদপ্তরের হিসাব শাখায় জমা দিবে। কোনো গবেষণা কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে শেষ না হলে এবং তার যুক্তিসঙ্গত কারণ থাকলে কার্যকরী কমিটির অনুমোদন সাপেক্ষে সময়সীমা বাড়ানো যেতে পারে। বর্ধিত সময়সীমা এক অর্থ বছরের মধ্যে সীমাবদ্ধ রাখা বাঞ্ছনীয়, তবে বিশেষ ক্ষেত্রে বর্ধিত সময়সীমা পরবর্তী অর্থ বছরে যেতে পারে। সেক্ষেত্রে অবশিষ্ট অথবা সমুদয় গবেষণা কার্যক্রম ব্যয় নতুন অর্থবছরের বাজেট হতে নির্বাহ করা হবে। বর্ধিত সময়সীমার জন্য গবেষণা কার্যক্রমের মোট ব্যয় অপরিবর্তিত থাকবে এবং এর জন্য কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে না;

৪.৬.৩ প্রতি অর্থবছরে দাখিলকৃত গবেষণা প্রস্তাবনা নির্বাচনের লক্ষ্যে বাছাইয়ের জন্য মূল্যায়নকারীগণ প্রতি সদস্য প্রতি গবেষণা প্রস্তাবনার বিপরীতে ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী পাবেন;

৪.৬.৪ প্রতিটি গবেষণা প্রতিবেদন চূড়ান্ত মূল্যায়নের জন্য মূল্যায়নকারী বিশেষজ্ঞ প্রত্যেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে সম্মানী পাবেন।

**৪.৭ গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকগণের (দলনেতা ও গবেষণা দলের সদস্য) লিখিত সম্মতিপত্র**

৪.৭.১ গবেষণা কার্যক্রমে নিয়োজিত দলনেতা ও গবেষণা দলের সদস্যগণ প্রত্যেকে রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর লিখিত সম্মতিপত্র জ্ঞাপন করবেন যে, তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম সম্পাদন করবেন। কোনো কারণে গবেষণা কার্যক্রম অসম্পন্ন রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) কারিগরি শিক্ষা অধিদপ্তরকে ফেরত প্রদান করবেন। এই মর্মে ৩০০/- (তিনশত) টাকার (নন জুডিশিয়াল স্ট্যাম্প) একটি অঙ্গীকার নামায় স্বাক্ষর করতে হবে;

৪.৭.২ অনুমোদিত গবেষণা প্রস্তাব গবেষকগণের পরিবর্তনের ক্ষেত্রে কার্যকরী কমিটির অনুমোদন প্রয়োজন হবে। কোনো কারণে গবেষণা কমিটির সভা আয়োজনে বিলম্ব হলে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-এর মাধ্যমে অধিদপ্তরের মহাপরিচালকের নিকট হতে অনুমোদন গ্রহণ করতে হবে।

**৪.৮ গবেষণা কার্যক্রমের গৃহীত অর্থের জবাবদিহিতা ও অব্যয়িত অর্থ জমাদান**

গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত গবেষণা কার্যক্রমের চূড়ান্ত প্রতিবেদনের ১০ (দশ) কপি জমা দেওয়া না হলে কিংবা গবেষণা কার্যক্রমের দলনেতা কর্তৃক গবেষণা কার্যক্রম পরিত্যাক্ত হলে উক্ত গবেষণা কার্যক্রম বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত সমূদয় অর্থ গবেষণা কার্যক্রমের দলনেতা অধিদপ্তরে ফেরত দিবেন। কোনো গবেষণা কার্যক্রমের ব্যয় পরিশোধের অর্থ উদ্বৃত্ত থাকলে তা গবেষণা কার্যক্রমের দলনেতা অধিদপ্তরে ফেরত দিবেন। গবেষণা কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হলে গৃহীত অগ্রিম গবেষণা কার্যক্রম দলনেতা ফেরত দিতে বাধ্য থাকবেন।

**৪.৯ অডিট আপত্তি নিস্পত্তিকরণ**

কোনো গবেষণা কার্যক্রমের হিসাব সংক্রান্ত ব্যয়ে অডিট আপত্তি দেখা দিলে গবেষক/গবেষণা দলের দলনেতা কারিগরি শিক্ষা অধিদপ্তরের আয়ন- ব্যয়ন কর্মকর্তার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের দায়িত্ব বহন করবেন।

## পঞ্চম অধ্যায়
## গবেষণা নীতিমালা প্রয়োগ, পরিবর্তন এবং অন্যান্য শর্তাবলি

### ৫.০ গবেষণা প্রতিবেদনের স্বত্ব

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় পরিচালিত সকল গবেষণা কার্যক্রম ও প্রতিবেদনের স্বত্ব কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপর ন্যস্ত থাকবে। কারিগরি শিক্ষা অধিদপ্তর যে কোনো সময় গবেষণা কার্যক্রমের প্রতিবেদন প্রকাশ করতে পারবে। এ জন্য সংশ্লিষ্ট গবেষকের অনুমতির প্রয়োজন হবে না। তবে গবেষক/গবেষকদল নিজ উদ্যোগে কোন জার্নালে গবেষণা কর্মটি প্রকাশ করলে কারিগরি শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

### ৫.১ গবেষণা কাজের সমাপ্তি

গবেষণা কর্ম সমাপ্ত হওয়ার পর তা মূল্যায়ন কমিটির সদস্য-সচিবের নিকট জমা দিতে হবে। গবেষণা প্রতিবেদন চূড়ান্ত মূল্যায়ন ও গ্রহণ যোগ্যতার প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে গবেষণা কর্মের সমাপ্তি ঘটবে। পরিশিষ্ট -৩ এর ফরম 'গ' মোতাবেক গবেষণা কর্ম আরম্ভ হবার পর অগ্রগতি সন্তোষজনক না হলে বা সময়সীমা উত্তীর্ণ হয়ে গেলে কার্যকরী কমিটি গবেষণা কর্মটি বাতিল করার ও প্রদত্ত অর্থ প্রত্যাহার সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

### ৫.২ Plagiarism প্রতিরোধ সংক্রান্ত বিধান

৫.২.১ গবেষকদের গবেষণার মান, গবেষণা কার্যক্রম পরিচালনা, গবেষণা তথ্য সংগ্রহ, মাধ্যমিক তথ্য সংগ্রহ বা অন্য কোনো গবেষণার সাথে শিরোনাম, উদ্দেশ্য, অধ্যায়, গবেষণার ফলাফল হুবহু মিল সম্পর্কে কোনো রূপ অভিযোগ উত্থাপিত/প্রমাণিত হলে গবেষণা মঞ্জুরি বাতিল, মঞ্জুরিকৃত অর্থ আদায় বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫.২.২ গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য, কোনো দলের প্রতিবেদনে Plagiarism প্রমাণিত হলে ঐ দল পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হবেন;

৫.২.৩ প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা এর কোন অংশ কোনো প্রতিবেদন বা উৎস হতে আহরিত নয় মর্মে প্রতিবেদন দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করবে;

৫.২.৪ গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত Ethical Image নিশ্চিত করবে।

### ৫.৩ গবেষণা নীতিমালার সংশোধন ও অন্যান্য শর্তাবলি

৫.৩.১ পরিবর্তিত সময়ের চাহিদা অনুযায়ী যদি গবেষণা নীতিমালায় পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজন দেখা দেয় তাহলে গবেষণা কমিটির সুপারিশ এবং মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর উক্ত পরিবর্তন করতে পারবে;

৫.৩.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরের রাজস্ব বাজেট, উন্নয়ন বাজেট, গবেষণা বাজেট খাত (কোড: ৩২৫৭১০৩) এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক প্রক্রিয়ায় প্রাপ্ত ও অন্য যে কোনো উৎস হতে প্রাপ্ত অর্থের দ্বারা পরিচালিত গবেষণা কার্যক্রম এবং পরামর্শদানমূলক গবেষণা কর্মের ক্ষেত্রেও এই নীতিমালা প্রযোজ্য হবে। তবে ব্যক্তিগত উদ্যোগে অন্য যে কোনো উৎস হতে প্রাপ্ত অর্থের দ্বারা পরিচালিত কোনো গবেষণা কার্যক্রমের সাথে কোনো কর্মকর্তা/কারিগরি শিক্ষা অধিদপ্তরের কোন সদস্য সম্পৃক্ত হলে তা এই গবেষণা নীতিমালার আওতায় আসবে না;

৫.৩.৩ সরকারের নির্দেশক্রমে বা অধিদপ্তরের প্রয়োজনে গৃহীত কোনো গবেষণা কার্যক্রম, সম্ভাব্যতা যাচাই, ট্রেসার স্টাডির ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট গবেষণা খাত থেকে নির্বাহ করা হবে;

৫.৩.৪ গবেষণা নীতিমালা অনুযায়ী গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর ব্যবস্থা গ্রহণ করবে;

৫.৩.৫ গবেষণা ও উন্নয়ন (Research and Development) কার্যক্রমের পুনরাবৃত্তি রোধকল্পে সমাপ্ত R&D কার্যক্রমসমূহের ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণ করতে হবে।

মোছাঃ ফুয়ারা খাতুন
সিনিয়র সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়